

তারিখ:
পৃষ্ঠা: ১৬ কলাম: ১

মাতৃভাষার জন্য বাঙ্গালীর সংগ্রামের ইতিহাস দেশে দেশে পৌছে দিতে ক্ষুদ্র বিমানে বিশ্ব পরিক্রমার উদ্যোগ

ইত্তেফাক রিপোর্ট: মাতৃভাষার জন্য বাঙ্গালী জাতির সংগ্রামের ইতিহাস এবং সাংস্কৃতিক ঐতিহ্যকে বিশ্বের দেশ থেকে দেশান্তরে পরিচয় করিয়ে দিতে আগামী মার্চ মাসে 'স্পিরিট অব বাংলাদেশ' বিশ্বভ্রমণের বের হবে। যুক্তরাষ্ট্রে তৈরী 'ভেলোসিটি-১০০০ জি' মডেলের এক ইঞ্জিনবিহীন একটি ক্ষুদ্রাকৃতির বিমানে করে অবিনশ্বর মাতৃভাষার চেতনায় উদ্ভুদ্ধ ও অভিযাত্রায় বের হবেন বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত প্যারামিটার মেজর (অবঃ) নাজমুস সাকীব চৌধুরী মুগভেরী। অ্যাসোসিয়েশন ফর ইন্টারন্যাশনাল মাদার ল্যাংগুয়েজের প্রেসিডেন্ট মেজর (অবঃ) মুগভেরী বিশ্বভ্রমণের এ অভিযাত্রা সফল করার লক্ষ্যে দেড় বছর পূর্বে সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন। মেজর (অবঃ) মুগভেরী গতকাল বুধবার ঢাকায় রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান, ইউনেস্কো কর্তৃক ২১ ফেব্রুয়ারীকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ঘোষণার পর তিনি বিশ্বভ্রমণের সিদ্ধান্ত গ্রহণ করেন। আগামী ২৬শে মার্চ স্বাধীনতা দিবসের পূর্বে তিনি যাত্রা শুরু করবেন বলে আশা করছেন।